

স্মারক নং- ০৫.৪৭. ৪৯০৯.০০০.০৮.০৩৬.২৪- ৬২৬

তারিখ : ২৮ ফাল্গুন ১৪৩০
১২ মার্চ ২০২৪

বাংলা ১৪৩১ সন হতে ১৪৩৩ সন পর্যন্ত হ্যালিপ্যাড পুকুর ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চিলমারী উপজেলা পরিষদ নিয়ন্ত্রণাধীন নিম্নলিখিত হ্যালিপ্যাড পুকুরটি ১৪৩১ সন হতে ১৪৩৩ বাংলা সনে ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদানের জন্য শর্ত সাপেক্ষে ইচ্ছুক/আগ্রহী, ইজারাদার/মৎস্যজীবী সমবায় সমিতির/ব্যক্তিগণের নিকট থেকে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সংক্রান্ত তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

ক্রমিক নং	উপজেলার নাম	পুকুরের নাম	সরকারী সম্ভাব্য মূল্য	সিডিউলের মূল্য
১	চিলমারী	হ্যালিপ্যাড পুকুর	৫১,৪১০/-	৫০০/-

(খ) নিম্নে বর্ণিত দরপত্র ক্রয় এবং দাখিলের তারিখ সংক্রান্ত সময়সূচি মোতাবেক দরপত্র বিজ্ঞপ্তি, সিডিউল ইত্যাদি প্রতিটি সেট, পুকুরের নামের পার্শ্বে বর্ণিত মূল্যে (অফেরতযোগ্য) জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে পাওয়া যাবে। দরপত্র সমূহ জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাতিলে সকাল ১০.০০ টা হতে বেলা ১.০০টা পর্যন্ত গ্রহণ করা হবে এবং ঐদিন বেলা ৩.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) খোলা হবে।

দরপত্র ক্রয় এবং দাখিলের তারিখ সংক্রান্ত সময়সূচিঃ

দরপত্র বিক্রির শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
২৫/০৩/২০২৪ অফিস চলাকালীন সময় পর্যন্ত	২৭/০৩/২০২৪ বেলা-১.০০ ঘটিকা	২৭/০৩/২০২৪ বেলা-৩.০০ ঘটিকা

বাংলা ১৪৩১ সন হতে ১৪৩৩ সন পর্যন্ত হ্যালিপ্যাড পুকুর ইজারার শর্তাবলীঃ

- ০১। বাংলা ১৪৩১ সন হতে ১৪৩৩ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদকালের জন্য হ্যালিপ্যাড পুকুরটি ইজারা দেওয়া হবে।
- ০২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ২০% (শতকরা বিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, চিলমারী এর অনুকূলে জমা দিতে হইবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ১৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারাগ্রহীতা হ্যালিপ্যাড পুকুরের কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পণ করা হবে।
- ০৩। সিডিউলের অন্যান্য শর্তাবলী মানতে হবে।
- ০৪। যার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৮৫% (শতকরা ৮৫ ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্য একই সঙ্গে পরিশোধ করতে হবে অন্যথায় জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।
- ০৫। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট পুকুরের সরকারী মূল্যের কম হয় তাহা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে। ২য় বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারী মূল্যের কম হয় তাহা হলে ইজারা প্রদানের কার্যক্রম কাজিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।
- ০৬। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।
- ০৭। দরদাতার নাম, ঠিকানা ও মোবাইল নম্বর খামের উপর স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে। দরপত্রে কোন প্রকার ঘষা-মাজা, অস্পষ্ট কাটাকাটি লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় হ্যালিপ্যাড পুকুরের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।
- ০৮। কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত ইজারা গ্রহীতা কর্তৃক পুকুর সংস্কার করা যাবে না।
- ০৯। ইজারাদার কোনক্রমেই পুকুর অন্যের নিকট সাব-লিজ দিতে পারবে না।
- ১০। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।
- ১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হবে।
- ১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গৃহণ/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

Minkar
12.03.24

(মোঃ মিনহাজুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
চিলমারী, কুড়িগ্রাম।
ফোনঃ ০২-৫৮৯৯৫২৬০১
unochilmari@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৭. ৪৯০৯.০০০.০৮.০৩৬.২৪-৬২৬(১০০)

তারিখ : ২৮ ফাল্গুন ১৪৩০
১২ মার্চ ২০২৪

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো।

০১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।

০২। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো।

০৩। সহকারী কমিশনার (ভূমি), চিলমারী, কুড়িগ্রাম।

০৪। উপজেলা.....কর্মকর্তা, চিলমারী, কুড়িগ্রাম।

০৫। চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ (সকল), চিলমারী, কুড়িগ্রাম।

০৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.....ইউনিয়ন (সকল)।

০৭। জনাব.....চিলমারী, কুড়িগ্রাম।

mul
12.03.24

উপজেলা নির্বাহী অফিসার
চিলমারী, কুড়িগ্রাম।